জেলা পরিষদ কার্যালয়
লালমনিরহাট
www.zplalmonirhat.gov.bd

নম্বরঃ ৪৬.৪২.৫২০০.০০১.১৪.০০২.২৫- ৭৩৮

তারিখঃ ২৬ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

**জেলা পরিষদ, লালমনিরহাটের শূন্য পদে সরাসরি জনবল নিয়োগ পরীক্ষা গ্রহণ সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ০৯ মার্চ, ২০২৫ খ্রি. তারিখের ৪৬. ০০. ০০০০. ০৪২. ১১. ০০৩. ১৭. ৩৫৯ সংখ্যক স্মারকে প্রাপ্ত অনুমোদনের ভিত্তিতে জেলা পরিষদ, লালমনিরহাটের অর্গানোগ্রামভুক্ত (ক) নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিকের ০১ (এক) টি শূন্য পদে, (খ) ড্রাইভারের ০১ (এক) টি শূন্য পদে এবং (গ) সুইপারের ০১ (এক) টি শূন্য পদে মোট ০৩ (তিন) টি শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে ১৯ জুন, ২০২৫ খ্রি. তারিখের ৪৬. ৪২. ৫২০০. ০০১. ১৪. ০০২. ২৫- ৩৭৩ সংখ্যক স্মারকে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক ডাকযোগে আবেদন জমাদানের শেষ তারিখ ছিল গত ২৪ জুলাই, ২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়। ডাকযোগে প্রাপ্ত আবেদনসমূহ জেলা পরিষদের কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির ২৮ জুলাই, ২০২৫ খ্রি. তারিখের সভায় যাচাই-বাছাই করা হয়। বাছাইঅন্তে সঠিক/ বৈধ আবেদনকারীদের লিখিত পরীক্ষা গত ১৬ আগস্ট, ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০ ঘটিকায় অনুষ্ঠিত হবার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে প্রাথমিক পর্যায়ের বাছাইয়ে বাদ পড়া একজন আবেদনকারী জনাব মোঃ এহতেশাম হাসান গত ১৩ আগস্ট, ২০২৫ খ্রি. তারিখে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, লালমনিরহাটে পরীক্ষা স্থগিতকরণের লক্ষ্যে নিষেধাজ্ঞা চেয়ে অন্য ১৭৯/ ২৫ (লাল) নং মামলা রুজু করেন। এ প্রেক্ষিতে এই কার্যালয়ের ১৩ আগস্ট, ২০২৫ খ্রি. তারিখের ৪৬.৪২.৫২০০.০০১.১১.০০৪.২৫- ৫৮৬ সংখ্যক স্মারকে বিজ্ঞ আদালতের আদেশের প্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত জানিয়ে ১৬ আগস্ট, ২০২৫ খ্রি. তারিখের লিখিত পরীক্ষা স্থগিত করা হয়। পরবর্তীতে ১৮ আগস্ট, ২০২৫ খ্রি. তারিখে শুনানি অন্তে বিজ্ঞ আদালত বাদী/ প্রার্থীপক্ষের অস্থায়ী নিষেধাজ্ঞার দরখাস্ত না মঞ্জুর করেন। উল্লিখিত পদে নিয়োগ প্রদানে আইনগত কোন প্রতিবন্ধকতা না থাকায় নিয়োগের পরবর্তী কার্যক্রম দ্রুত সম্পন্নকরণের জন্য স্থানীয় সরকার বিভাগের ০৯ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখের ৪৬.০৪২.০০০০.০০০.১১.০০৭.১৫.১৯৬৭ সংখ্যক স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। স্থানীয় সরকার বিভাগের প্রদত্ত নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এলক্ষ্যে নতুন করে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। পূর্বে ডাকযোগে প্রেরিত মূল প্রবেশপত্র ব্যতীত কোন চাকরিপ্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।



CamScanner

উল্লেখ্য, পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা প্রদান করা হবে না। প্রবেশপত্রে উল্লিখিত শর্তসমূহ আবশ্যিকভাবে যথাযথভাবে মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। সকল ধরণের আর্থিক লেনদেন ও সুপারিশ করা হতে বিরত থেকে পড়াশোনার মাধ্যমে পরীক্ষার প্রস্তুতি গ্রহণ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

| | | |
|---|---|---|
| লিখিত পরীক্ষার তারিখঃ | ১৩ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. | লিখিত পরীক্ষার সময় আবেদনের সাথে দাখিলকৃত সকল কাগজপত্রের মূল কপি সাথে রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। |
| লিখিত পরীক্ষার সময়ঃ | সকাল ১১.০০ ঘটিকা | |
| পরীক্ষা কেন্দ্রঃ | কালেক্টরেট কলেজিয়েট স্কুল, লালমনিরহাট | |

10/09/25

(মো: ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট
ও
আহবায়ক
জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও
পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি,
লালমনিরহাট

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৪। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫। প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট।
৬। পুলিশ সুপার, লালমনিরহাট।
৭। সিভিল সার্জন, লালমনিরহাট।
৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লালমনিরহাট।
১০। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর/ আদিতমারী/ কালীগঞ্জ/ হাতীবান্ধা/ পাটগ্রাম, লালমনিরহাট।
১১। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, লালমনিরহাট।
১২। সিএ টু প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট [জেলা পরিষদ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
১৩। অফিস কপি।

10/09/25

(মোঃ ফিরোজ হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, লালমনিরহাট

Niogfile/2024-25-2

CamScanner